দৈনিক
ইত্তেফাক

তারিখ . . 07 JUN 2016 ...
পৃষ্ঠা ·৩·· ··· কলাম··৩··· ......

# ফেসবুকে ছাত্রীকে কটাক্ষ করার প্রতিবাদে মানববন্ধন

■ টেকেরহাট (মাদারীপুর) সংবাদদাতা

মাদারীপুরের রাজৈর উপজেলার উল্লাবাড়ী ইউনাইটেড উচ্চ বিদ্যালয়ের ১০ম শ্রেণির এক ছাত্রীর ছবি ফেসবুকে দিয়ে অশ্লীল ভাষা ব্যবহার, বিদ্যালয়ে যাওয়ার পথে উত্ত্যক্ত করার ঘটনায় দীপংকর বৈদ্য নামে এক বখাটের শাস্তির দাবিতে সোমবার সকালে মানববন্ধন করেছে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ও অভিভাবকরা। টেকেরহাট-কদমবাড়ী সড়কে ঘণ্টাব্যাপী এ মানববন্ধন শেষে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি জয়দেব বাড়ৈর সভাপতিত্বে শাস্তির দাবি জানিয়ে বক্তব্য রাখেন ম্যানেজিং কমিটির সদস্য রনজিত বাড়ৈ, সুকদেব বাড়ৈ, ঝলক বাড়ৈ, শিক্ষক বিপ্লব চন্দ্র মন্ডল, ভীষ্মদেব সরকার, দেবব্রত মজুমদার প্রমুখ।